

পরিকল্পনা নং-৪০৭

ইসলামী সঞ্চয়ী ৫ কিস্তি বীমা পরিকল্পনা

এটি একটি আকর্ষণীয় সঞ্চয়ী বীমা পরিকল্পনা। এই পরিকল্পনা পাঁচ কিস্তিতে বীমার টাকা পরিশোধ করা হয়, ফলে বীমাবৃত্তের পক্ষে অনেক অনাকাঙ্খিত অর্থনৈতিক সমস্যার তাৎক্ষনিক মোকাবেলা করা সহজতর হয়ে ওঠে। তাছাড়া বীমা গ্রাহক জীবিত অবস্থায় বীমার টাকা বিভিন্ন লাভজনক খাতে খাটাতে পারেন। বীমা চলাকালীন সময়ে বীমা অংকের আংশিক পরিশোধ করা ছাড়াও বীমাবৃত্ত ব্যক্তির অকাল মৃত্যুতে বীমা অংকের পুরো টাকা পরিশোধ করা হয়। এই পরিকল্পনার অধীনে ১০, ১৫ বছর মেয়াদী পলিসি গ্রহণ করা যায়। এ পরিকল্পনা অনুযায়ী বীমার ১/৫ অংশ মেয়াদ শেষে বীমা অংকের ১০%, ২/৫ অংশ মেয়াদ শেষে বীমা অংকের ১৫%, ৩/৫ অংশ মেয়াদ শেষে বীমা অংকের ২০%, ৪/৫ অংশ মেয়াদ শেষে বীমা অংকের ২৫% এবং মেয়াদ পূর্তিতে অর্জিত বোনাসসহ বীমা অংকের অবশিষ্ট ৩০% প্রদান করা হয়। অর্থাৎ ১০ বছর মেয়াদের পলিসিতে ২ বছর পর বীমা অংকের ১০%, ৪ বছর পর বীমা অংকের ১৫%, ৬ (ছয়) বছর পর বীমা অংকের ২০%, ৮ (আট) বছর পর বীমা অংকের ২৫% সহ সর্বোচ্চ ৭০% এবং মেয়াদ শেষে বীমা অংকের অবশিষ্ট ৩০% অর্জিত বোনাসসহ পরিশোধ করা হবে। ১৫ বছর মেয়াদের পলিসির ক্ষেত্রে ৩, ৬, ৯, ১২ ও ১৫ বছর পর অনুরূপ কিস্তি বোনাস সহ পরিশোধ করা হবে। মেয়াদ পূর্তির আগে এক বা একাধিক কিস্তির টাকা প্রদান করার পরও যদি বীমাবৃত্তের মৃত্যু ঘটে তবুও বীমা অংকের পুরো টাকা অর্জিত বোনাসসহ মনোনীতকরে পরিশোধ করা হবে।

এছাড়াও মেয়াদ পূর্বে দুর্ঘটনায় দেহের ২ হাত, ২ পা ২ চোখ এর যে কোন দু'টি অঙ্গ সম্পূর্ণ ও স্থায়ী পঙ্গুত্ব বা কর্মক্ষমতাহীন হয়ে পড়লে পরবর্তী প্রিমিয়াম মণ্ডুক্ষ হয়ে যাবে। এবং বীমা অংকের ৫০% বীমাবৃত্তকে প্রদান করা হবে। কিন্তু বীমা বুঁকি সম্পূর্ণ বীমা অংকে বলবৎ থাকবে। বীমাবৃত্ত জীবিত থাকলে এবং পূর্বে বীমা অংকের ৫০% পেয়ে থাকলে মেয়াদান্তে বোনাস সহ বীমা অংকের অবশিষ্ট ৫০% পাবেন।